# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** বিষয় কোড : | ১ | ৫ | ২ |

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** জনাব মধু মিয়া পেনশনের ১০ লক্ষ টাকা ঝুঁকিবিহীন বিনিয়োগ করতে চান, তবে নিশ্চিত আয়ত্ত করতে চান।

ক. লভ্যাংশ প্রদান অনুপাত নীতি কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. জনাব মধু মিয়া কিসে বিনিয়োগ করবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মধু মিয়ার পেনশনের টাকা শেয়ারে বিনিয়োগ করলে যে বেশি লাভবান হতে পারতেন— যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

**২.▶** অটোবি কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান বাজারমূল্য ১২৫ টাকা এবং লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানিটি বর্তমান বছরে প্রতি শেয়ারে ১০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করছে এবং প্রত্যাশা করছে পরবর্তী বছরগুলোতে এ লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পাবে।

ক. কাম্য ঋণ নীতি কী? ১

খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি বলতে কী বোঝায়? ২

গ. অটোবি কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় বের করো। ৩

ঘ. যদি লভ্যাংশ বৃদ্ধির হার ৮% হয়, তাহলে সাধারণ শেয়ার মূলধন ব্যয় কত হবে? ৪

**৩.▶** জনাব কবির তার প্রতিষ্ঠানে নতুন মেশিন বসানোর চিন্তাভাবনা করছে। মেশিনটির ব্যয় হবে ৫,০০,০০০ টাকা। আয়ুষ্কাল ৫ বছর এবং কর হার ৪০%, ভগ্নাবশেষ মূল্য নেই এবং প্রতিষ্ঠানটি সরলরেখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। উক্ত প্রকল্প থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ১,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা, ১,২০,০০০ টাকা, ১,৮০,০০০ টাকা ও ২০,০০০ টাকা আয় হবে বলে আশা করা হচ্ছে।

ক. নগদ আন্তঃপ্রবাহের সঠিক প্রাক্কলন কিসের ওপর নির্ভর করে? ১

খ. পে-ব্যাক সময় পদ্ধতির সীমাবদ্ধতা ব্যাখ্যা করো। ২

গ. প্রতিবছর কর পরবর্তী আয় ১,৫০,০০০ টাকা করে পেলে কবিরের পে-ব্যাক সময় কত হবে? ৩

ঘ. কবিরের প্রতিষ্ঠানের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৪

**৪.▶**




ক. রাইট শেয়ার কী? ১

খ. প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২

Teachingbd.com

গ. দীর্ঘমেয়াদি উৎস হিসেবে ঋণপত্রের গুরুত্ব বর্ণনা করো। ৩

ঘ. তহবিলের উৎস নির্বাচনের ক্ষেত্রে কী কী বিষয় বিবেচনায় আনা প্রয়োজন ব্যাখ্যা করো। ৪

**৫.▶** ইমতিয়াজ একজন স্বল্পশিক্ষিত যুবক। সে তার বাড়ির কাছে থানা সদরে একটি মুদির দোকান দেয়। কঠোর পরিশ্রম আর সততার দ্বারা সে তার প্রতিষ্ঠানকে লাভজনক পর্যায়ে নিয়ে এসেছে। বর্তমানে সে তার প্রতিষ্ঠানটি সম্প্রসারণের কথা ভাবছে।

ক. কিসের পর থেকেই উৎপাদন কৌশল জটিলতর হয়? ১

খ. অর্থায়ন বিষয়ক জ্ঞান কীভাবে জাতীয় আয় বৃদ্ধিতে সহায়তা করে? ২

গ. ইমতিয়াজের মত ব্যবসায়ীরা কীভাবে তাদের ব্যবসায়ে অর্থায়ন করতে পারে তা বর্ণনা করো। ৩

ঘ. ইমতিয়াজের ব্যবসায় প্রতিষ্ঠানটি সম্প্রসারণের জন্য কোন ধরনের অর্থায়ন যুক্তিযুক্ত বলে তুমি মনে করো। ৪

**৬.▶** জনাব মানিক মিয়া শিকারপুর ও সিজ্ঞাপুর নামে দুটি প্রকল্পে তার মূলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধন স্বল্পতার কারণে তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্পটি দুটির গত ৫ বছরের আয়ের পরিমাপ নিম্নরূপ :

| বছর | প্রকল্প : শিকারপুর (হার %) | প্রকল্প: সিজ্ঞাপুর (হার %) |
|---|---|---|
| ২০০১ | ২২% | ২৩% |
| ২০০২ | ২০% | ১৯% |
| ২০০৩ | ১৬% | ১৮% |
| ২০০৪ | ১৮% | ২০% |
| ২০০৫ | ১৪% | ১০% |

Teachingbd.com

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. ঝুঁকিমুক্ত আয় ও ঝুঁকিবহুল আয় এর পার্থক্য কী? ২

গ. উপর্যুক্ত তথ্য থেকে প্রকল্প- শিকারপুর এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. জনাব মানিক মিয়ার কোন প্রকল্পটি বন্ধ করে দেয়া উচিত বলে তুমি মনে করো। ৪

## খ বিভাগ : ব্যাংকিং

**৭.▶**




ক. বিশ্বের সর্বপ্রথম সুসংঘটিত নিকাশ ঘর কোনটি? ১


খ. সার্বভৌম প্রতীক বলতে কী বোঝায়? ২

গ. ইসলামিক ব্যাংকিং ব্যবস্থার বিনিয়োগ পদ্ধতি বর্তমান যুগে সফল কিনা? ব্যাখ্যা করো। ৩


ঘ. 'কেন্দ্রীয় ব্যাংক ব্যাংকসমূহের ব্যাংক এবং সরকারের ব্যাংক— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৮.▶




চিত্র-A




চিত্র- B

ক. ক্রেডিট কার্ড কী? ১

খ. চুক্তিবদ্ধ সম্পর্ক বলতে কী বোঝায়? ২

গ. চিত্র B তে প্রদর্শিত চেকটির বৈশিষ্ট্য বর্ণনা করো। ৩

ঘ. চিত্রে প্রদর্শিত চেক দুটির মধ্যে কোনটিকে অধিক নিরাপদ বলে তুমি মনে করো। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ আল-আমিন ব্যবসায়িক কাজে নেপাল যান। সেখানে তার অর্থ শেষ হয়ে গেলে তার ভাইকে ব্যাংকে অর্থ জমা করতে বলেন। ব্যাংক কর্তৃক প্রদত্ত ওয়েবসাইট ও পাওয়ার্ড ব্যবহার করে অর্থ উত্তোলন করে ব্যবসায়িক কার্য সম্পাদন করেন।

ক. গারনিশি অর্ডার কী? ১

খ. রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব বলতে কী বোঝায়? ২

গ. আল-আমিনের ব্যাংক হিসাবের ধরন বর্ণনা করো। ৩

ঘ. আল-আমিন ব্যাংকের কোন ধরনের সেবার কারণে নেপালে অর্থ সংকটে মুক্তি পেয়েছেন? বিশ্লেষণ করো। ৪

১০.▶ মিসেস শায়লা একজন শিক্ষিকা। বর্তমান সামাজিক অবস্থার কথা চিন্তা করে তার মূল্যবান দলিলপত্র একটি আর্থিক প্রতিষ্ঠানে জমা রাখেন।

ক. আর্থিক লেনদেন ও দেনাপাওনার নিষ্পত্তির মাধ্যম হিসেবে ব্যাংক কী ব্যবহার করে? ১

খ. মুদরাবা ও মুসারাকা বলতে কী বোঝায়? ২

গ. মিসেস শায়লা ব্যাংকের কোন সেবাটি নিচ্ছেন— ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমানে ব্যাংক থেকে কী কী আধুনিক সেবা পাওয়া যাচ্ছে— ব্যাখ্যা করো। ৪

১১.▶ জনাব নুরুল ইসলাম ইউনিয়ন ব্যাংকের এম. ডি। তারই একটি ঘনিষ্ট বন্ধু তার সঙ্গে সাক্ষাত করে ইউনিয়ন ব্যাংক সম্পর্কে জানতে চাইলে তিনি জানান তার ব্যাংকের মূল শ্লোগান হলো 'গ্রাহক সন্তুষ্টির মাধ্যমে সমৃদ্ধি'। গ্রাহক বান্ধব ব্যাংক হিসেবে ব্যাংকটি যথেষ্ট সুনাম কুড়িয়েছে। ইতিমধ্যে সামাজিক কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখায় ব্যাংকটি রাষ্ট্রীয় পুরুস্কার পেয়েছে।

ক. চেইন ব্যাংকিং কী? ১

খ. শাখা ব্যাংক বলতে কী বোঝায়? ২

গ. জনাব নুরুল ইসলামের ব্যাংকটি ভালো করার জন্য কোন নীতি সহায়ক হয়েছে— বর্ণনা করো। ৩

ঘ. জনাব নুরুল ইসলামের ব্যাংকটির মূলধন গঠনে কোন নীতির অধিক ভূমিকা রয়েছে— তা মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

সময়— ৩০ মিনিট    পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ব্যবসায় প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী?**
ক সুনাম অর্জন    খ সাফল্য অর্জন
গ মুনাফা অর্জন    ঘ সম্পদ অর্জন

**২. আন্তর্জাতিক অর্থায়নের জন্য বিচার বিশ্লেষণ করা হয়—**
i. রপ্তানি খাত
ii. আমদানি খাত
iii. প্রাকৃতিক সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক i    খ i ও ii
গ i ও iii    ঘ ii ও iii

**৩. নগদ প্রবাহ হতে কী নির্ণয় করা যায়—**
ক শেয়ারের পরিমাণ
খ কাঁচামালের পরিমাণ
গ পণ্য বিক্রয়ের পরিমাণ
ঘ মুনাফার পরিমাণ

**৪. অর্থায়নের অভ্যন্তরীণ তহবিল হলো—**
i. শেয়ার
ii. মালিকের মূলধন
iii. অবণ্টিত মূলধন
**নিচের কোনটি সঠিক?**
ক i    খ i ও ii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**৫. ঋণের মাধ্যমে দীর্ঘমেয়াদী তহবিল গৃহীত হলে কীভাবে পরিশোধ করতে হবে?**
ক চুক্তি মোতাবেক
খ একবারে
গ কিস্তিতে
ঘ সুদসহ আসল একসঙ্গে

**৬. ভবিষ্যৎ প্রয়োজনে অবণ্টিত মুনাফা কোনো তহবিলে ভিন্ন করে রাখলে তাকে বলে—**
ক দুর্যোগ তহবিল
খ নগদ তহবিল
গ সঞ্চিতি তহবিল
ঘ ঝুঁকি তহবিল

**৭. শতকরা ২০% হারে বর্তমান ২০০ টাকার ৪ বছর পরের ভবিষ্যৎ মূল্য কত?**
ক ৪০৭ টাকা    খ ৪১১ টাকা
গ ৪১৪ টাকা    ঘ ৪১৭ টাকা

**৮. সুদের হার ১৫% হলে ৩ বছর পরের ৫০০ টাকার বর্তমান মূল্য কত?**
ক ৩২৮.৭৬ টাকা
খ ৩২৯.৭৩ টাকা
গ ৩৩১.৯৪ টাকা
ঘ ৩৩৩.৯৬ টাকা

**৯. বছরে যদি ১২ বার সুদ চক্রবৃদ্ধি হয় তাহলে—**
i. সুদরে হারকে ১২ দ্বারা ভাগ করতে হবে
ii. সুদ আসলের তুলনায় দ্বিগুণ হবে
iii. মেয়াদকে ১২ দ্বারা গুণ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**১০. ব্যাংকে টাকা রাখলে কীসের ভিত্তিতে চক্রবৃদ্ধি হয়?**
ক দৈনিক ভিত্তিতে
খ সাপ্তাহিক ভিত্তিতে
গ মাসিক ভিত্তিতে
ঘ বার্ষিক ভিত্তিতে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. আরিফ ন্যাশনাল ব্যাংক লি. এর ৫ বছর মেয়াদি ঋণপত্রের ১,০০০ টাকা বিনিয়োগ করলেন।

**১১. মি. আরিফ ৫ বছর পর কত টাকা পাবেন যদি সুদের হার ১৫% হয়?**
ক ২,০০৫.০১ টাকা
খ ২,০১১.৩৬ টাকা
গ ২,০১৫.২৭ টাকা
ঘ ২,০১৯.২১ টাকা

**১২. মি. আরিফের উদ্দীপক অনুযায়ী সুদের হার কত?**
ক ৫%    খ ১০%
গ ১৫%    ঘ ২০৫

**১৩. তারল্য ঝুঁকি কীসের ওপর নির্ভর করে?**
ক ক্রেতার ওপর
খ বিক্রেতার ওপর
গ অর্থের ওপর
ঘ বাজারের আকার ও কাঠামোর ওপর

Teachingbd.com

১৪. কে ট্রেজারি বিল ইস্যু করে?
ক) সরকার
খ) বাণিজ্যমন্ত্রী
গ) ব্যবস্থাপনা পরিচালক
ঘ) স্বরাষ্ট্রমন্ত্রী

১৫. কোন প্রতিষ্ঠানের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা হলে উক্ত প্রতিষ্ঠানের গড় বিনিয়োগ কত?
ক) ৩০,০০০ টাকা
খ) ৪০, ০০০ টাকা
গ) ৫০,০০০ টাকা
ঘ) ৬০,০০০ টাকা

১৬. কোন কোম্পানির ২০১৫ সালে নিট মুনাফা ২,০০,০০০ টাকা এবং অবচয় ৫০,০০০ টাকা হলে উক্ত কোম্পানির ২০১৫ সালের নগদ আন্তঃপ্রবাহ কত?
ক) ৫০,০০০ টাকা
খ) ১০,০০০ টাকা
গ) ২,০০,০০০ টাকা
ঘ) ২,৫০,০০০ টাকা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
কোন প্রকল্পের বিনিয়োগকৃত মূলধন ৮০,০০০ টাকা, যা আগামী ৫ বছরে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ১৫,০০০ টাকা ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ২০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা

১৭. প্রকল্পটির ৩য় বছরে ক্রমযোজিত নগদ প্রবাহ কত?
ক) ১৫,০০০ টাকা
খ) ৩০,০০০ টাকা
গ) ৫০,০০০ টাকা
ঘ) ৬৫,০০০ টাকা

১৮. প্রকল্পের পে-ব্যাক সময় কত হবে?
ক) ৩.৭৫ বছর   খ) ৩.৯৫ বছর
গ) ৪.৭৫ বছর   ঘ) ৫.৭৫ বছর

১৯. প্রতি প্রতিষ্ঠানে কোন ধরনের নীতি থাকে?
ক) শেয়ারনীতি   খ) বন্ডনীতি
গ) কাম্য ঋণনীতি   ঘ) ঋণপত্র নীতি

২০. কোন ধরনের শেয়ারের রূপান্তরের যোগ্যতা নেই?
ক) সাধারণ শেয়ার
খ) ডিবেঞ্চার
গ) অগ্রাধিকার শেয়ার
ঘ) বন্ড

২১. অগ্রাধিকার শেয়ার মালিকরা লভ্যাংশ পায় কীরূপে?
ক) নির্দিষ্ট হারে
খ) অনির্দিষ্ট হারে
গ) অধিক হারে
ঘ) সমানুপাতিক হারে

২২. কোনটি আদিম যুগের মুদ্রা?
ক) তামা   খ) কড়ি
গ) পাথর   ঘ) স্বর্ণমুদ্রা

২৩. ব্যাংক মূলত কাজ করে—
i. অর্থ স্থানান্তর
ii. আমানত সংগ্রহ
iii. মূল্যস্ফীতি
নিচের কোনটি সঠিক?
ক) i   খ) i ও ii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

২৪. ব্যাংকের মৌলিক উদ্দেশ্য কোনটি?
ক) নিরাপত্তা   খ) আমানত
গ) অর্থস্থানান্তর   ঘ) অছি

২৫. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিক সুবিধাজনক?
ক) শাখা   খ) একক
গ) গ্রুপ   ঘ) চেইন

২৬. কোনটি বাণিজ্যিক ব্যাংকের নীতি বহির্ভূত?
ক) স্বচ্ছলতার নীতি
খ) নিরাপত্তার নীতি
গ) ঋণ নিয়ন্ত্রণ নীতি
ঘ) মুনাফার নীতি

২৭. বাণিজ্যিক ব্যাংক কোন খাতে বিনিয়োগ করে?
i. শেয়ার
ii. ঋণপত্র
iii. সরকারি সিকিউরিটি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৮. এল সি (LC) কার বরাবর ইস্যু করা হয়?
ক) সরকার   খ) আমদানিকারক
গ) রপ্তানিকারক   ঘ) উৎপাদনকারী

২৯. ক্রেডিট কার্ড কী?
ক) একটি আমানতের নাম
খ) ব্যাংকের হিসাবের নাম
গ) গ্রাহকের হিসাবের প্রমাণ পত্র
ঘ) গ্রাহকের ব্যক্তিগত ঋণ

৩০. কোন ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক?
ক) কেন্দ্রীয় ব্যাংক   খ) বাণিজ্যিক ব্যাংক
গ) সমবায় ব্যাংক   ঘ) শিল্প ব্যাংক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com